



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

ঢাকা ডিভিশন-১

মিরপুর, ঢাকা।

www.nha.gov.bd

স্মারক নম্বর- ২৫.৩৮.২৬৪৮.৬০৩.৪২.০০১.১৯-২২৭৪


তারিখ-২৪.০৬.২০২৬খ্রি।

কারপার্কিং বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন “ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১৫টি ১৪তলা বিশিষ্ট ভবনে ১৫৬০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক স্বপ্ননগর-২ প্রকল্পের ভবন নং-১১ হতে ২৫ এর ফ্ল্যাট বরাদ্দ গ্রহীতাগণ থেকে অবরাদ্দকৃত (খালি) কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন আহবান করা যাচ্ছে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট www.nha.gov.bd থেকে আবেদনপত্র ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক প্রযোজ্য সংযুক্তি সহ আগামী ২৭/০৬/২০২৬ খ্রি: হতে ১১/০৭/২০২৬ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনকারীগণ নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা এর দপ্তরে আবেদন জমা প্রদান করবেন।

আবেদনের শর্তসমূহ:

- (১) যে সকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক ইতোপূর্বে সংশ্লিষ্ট প্রকল্পে কারপার্কিং বরাদ্দ পাননি শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- (২) আবেদনকারী যে ভবনে ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন শুধুমাত্র সেই ভবনের কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। প্রাপ্ত আবেদন ভবন ভিত্তিক ফাঁকা কারপার্কিং এর জন্য বিবেচনা করা হবে।
- (৩) যে সকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক কারপার্কিং বরাদ্দের জন্য ইতোপূর্বে আবেদন করেছেন কিন্তু বরাদ্দ পাননি তাদেরকে এই বিজ্ঞপ্তির আওতায় নির্ধারিত ফরমে পুনরায় আবেদন করতে হবে।
- (৪) ফ্ল্যাট এর সম্পূর্ণ ডাউনপেমেন্ট পরিশোধকারী / ডাউনপেমেন্ট এর হালনাগাদ কিস্তি পরিশোধকারীরাই কেবল আবেদন করতে পারবেন।
- (৫) ডাউনপেমেন্ট / ডাউনপেমেন্ট এর হালনাগাদ কিস্তি পরিশোধের কপি / বাস্তব দখলের কপি (যারা বাস্তব দখল গ্রহন করেছেন) আবেদনের সাথে দাখিল করতে হবে।


নির্বাহী প্রকৌশলী

ঢাকা ডিভিশন-১

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ